



Ref

Date

নিয়মিত মাস্টার্স প্রোগ্রামের শূন্য আসনে শিক্ষার্থী ভর্তির নীতিমালা ও আনুষঙ্গিক বিষয়াবলি

প্রোগ্রাম বিবরণ:

২০২২-২০২৩ শিক্ষাবর্ষ থেকে নিয়মিত মাস্টার্স প্রোগ্রামে শূন্য আসনে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম শুরু হবে। ০১ বছর মেয়াদি এ প্রোগ্রাম দুটি সেমিস্টারে বিভক্ত থাকবে। সেমিস্টারগুলো নিম্নরূপ:

১. ১ম সেমিস্টার
২. ২য় সেমিস্টার

ভর্তির নীতিমালা:

১. নিয়মিত মাস্টার্স প্রোগ্রামে শূন্য আসনে ভর্তিকৃত শিক্ষার্থীরা পূর্বের নিয়মিত শিক্ষার্থী হলেও তারা অনাবাসিক শিক্ষার্থী হিসেবে বিবেচিত হবে;
২. বিদেশি পাসপোর্টধারী শিক্ষার্থীরা বিদেশি শিক্ষার্থী হিসেবে বিবেচিত হবে;
৩. বিভাগের নিয়মিত মাস্টার্স প্রোগ্রামে শূন্য আসন থাকা সাপেক্ষে ভর্তি কার্যক্রম অনুষ্ঠিত হবে। স্নাতক (সম্মান) শ্রেণিতে ড্রপ-আউটজনিত কারণে এবং স্নাতক (সম্মান) শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে যারা নির্ধারিত সময়ে মাস্টার্স প্রোগ্রামে ভর্তি হবে না, তাদের আসন শূন্য আসন বলে বিবেচিত হবে;
৪. নিয়মিত মাস্টার্স প্রোগ্রামে শূন্য আসনে শিক্ষার্থী ভর্তি পরীক্ষার সার্বিক কার্যক্রম বিভাগ পরিচালনা করবে। এ সংক্রান্ত ব্যয় ভর্তি ফরমের মূল্য থেকে সমন্বয় করা হবে;
৫. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে নীতিমালা সংযোজন/বিয়োজন হতে পারে।

ভর্তির যোগ্যতা:

১. যে কোনো পাবলিক/জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনের কলেজসমূহ থেকে/প্রাইভেট বিশ্ববিদ্যালয় (ইউজিসি অনুমোদিত)/ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহ থেকে ফারসি ভাষা ও সাহিত্য অথবা যে কোনো বিষয়ে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ৪.০০ স্কেলে ন্যূনতম জিপিএ ৩.২৫/দ্বিতীয় বিভাগে ৫৫% নম্বর এবং মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদাভাবে সিজিপিএ কমপক্ষে ৩.০০/দ্বিতীয় বিভাগ থাকতে হবে;
২. ফারসি, আরবি ও উর্দু বিষয়ে স্নাতক সম্মান এবং ইসলামি-আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে ফাজিল (সম্মান) পাশসহ ফারসি ভাষা জানা শর্ত পূরণকারী শিক্ষার্থীরাও আবেদন করতে পারবেন;
৩. বিদেশি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি অর্জনকারী শিক্ষার্থীরা অনুযয় কর্তৃক ডিগ্রির সমতা নিরূপণ সাপেক্ষে আবেদন করতে পারবেন;
৪. দেশে স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্তরাও আবেদন করতে পারবেন;
৫. ভর্তির ক্ষেত্রে প্রার্থীর নির্দিষ্ট বয়স ও শিক্ষাবর্ষের কোনো বাধ্যবাধকতা থাকবে না।

ভর্তি প্রক্রিয়া:

১. বিষয়ভিত্তিক ১০০ নম্বরের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হতে হবে। এর মধ্যে লিখিত পরীক্ষার নম্বর ৮০ এবং মৌখিক পরীক্ষার নম্বর ২০;
২. লিখিত পরীক্ষার পাশ নম্বর ৪০%;
৩. লিখিত ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রণীত মেধাক্রম অনুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে।

কোর্স ক্যারিকুলাম:

নিয়মিত মাস্টার্স প্রোগ্রামের কোর্স ক্যারিকুলাম শূন্য আসনে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে;

উপরিউক্ত নীতিমালার মৌলিক কোনো পরিবর্তন বা পরিমার্জনের ক্ষমতা বিভাগীয় একাডেমিক কমিটি সংরক্ষণ করে।